



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সিএন্ডএফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডকলমরিং, চট্টগ্রাম।

প্রচারপত্র নং-১৬৭/২০২৪

তারিখ : ২৮/১২/২০২৪খ্রিঃ

সম্মানিত সদস্যদের প্রতি,

বনভোজনে নিবন্ধনের পুনঃ বিজ্ঞপ্তি

এসোসিয়েশনের সদস্যদের বহুল প্রতিক্ষিত বনভোজন আগামী ১৬, ১৭ ও ১৮ জানুয়ারী ২০২৫ইং কক্সবাজারে আয়োজন করা হয়েছে। বনভোজনে অংশগ্রহণে ইচ্ছুক সদস্যদেরকে ১৯/১২/২০২৪ইং এর মধ্যে নিবন্ধনের জন্য অনুরোধ করা হয়েছিল। অনেক সম্মানিত সদস্যদের অনুরোধে উক্ত সময়সীমা ২৪/১২/২০২৪ইং পর্যন্ত বর্ধিত করা হল। হোটেলে কিছু সংখ্যক রুম অবশিষ্ট আছে। তাই উক্ত সময়ের মধ্যে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ করা হল। হোটেলে বুকিংকৃত রুম সমাপ্ত হলে আর নিবন্ধনের সুযোগ থাকবে না এবং নিবন্ধনের সময়সীমা আর কোনক্রমেই বর্ধিত করা হবে না।

■ বনভোজনে গমনাগমনের সময়সূচী :

- ◆ যাত্রা : ১৬ জানুয়ারী ২০২৫, সকাল ৭-০০ ঘটিকা (জামুয়া পার্কের সম্মুখে সিজিএ বিল্ডিং-২ এর(দশ তলা ভবন) সম্মুখ হতে)
- ◆ প্রত্যাবর্তন : ১৮ জানুয়ারী ২০২৫, বিকাল ৩-০০ ঘটিকা (কক্সবাজারস্থ স্ব-স্ব হোটেলের সম্মুখ হতে)

■ বনভোজনের নিবন্ধন ফি :

- ◆ দম্পতি - ১৮,০০০ টাকা
- ◆ একক - ১২,০০০ টাকা
- ◆ প্রতি সন্তান - ৬,০০০ টাকা (৫ বছর এর উর্ধ্বে)
- ◆ ড্রাইভার - ৬,০০০ টাকা
- ◆ অতিরিক্ত রুম - ১৪,০০০ টাকা
- ◆ অতিরিক্ত বেড - ৩,০০০ টাকা (প্রাপ্তিসাপেক্ষে)

■ নির্দেশনাবলী :

- ◆ বনভোজনে সদস্যদের স্ত্রী, স্বামী ও সন্তান ব্যতিত কোন অতিথি অথবা আত্মীয়বর্গ অংশগ্রহণ করতে পারবেন না।
- ◆ নিবন্ধন প্রতি হোটেলে একটি কক্ষ বরাদ্দ থাকবে। তবে যাদের পরিবারে সদস্য সংখ্যা অধিক তাঁরা নির্ধারিত ফি পরিশোধ করে অতিরিক্ত একটি কক্ষ বরাদ্দ নিতে পারবেন।
- ◆ প্রতি হোটেলে সীমিত সংখ্যক অতিরিক্ত বেড আগে আসলে আগে পাবেন ভিত্তিতে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে বরাদ্দ দেয়া হবে।
- ◆ লিমিটেড ও পার্টনারশীপ প্রতিষ্ঠানের অনুকূলে সর্বোচ্চ দুটি পরিবার নিবন্ধিত হতে পারবেন।
- ◆ আগে আসলে আগে পাবেন ভিত্তিতে নিবন্ধন কার্যক্রম পরিচালিত হবে এবং সে অনুযায়ী হোটেলে কক্ষ বরাদ্দ করা হবে।
- ◆ অংশগ্রহণকারী সদস্য/সদস্যদের নিজস্ব যানবাহনের ড্রাইভারদের জন্য সীমিত সংখ্যক কক্ষ ব্যবস্থা করা হয়েছে। যা নির্দিষ্ট ফি পরিশোধ করে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বরাদ্দ দেয়া হবে।
- ◆ বনভোজনে গমনকালে (১৬ জানুয়ারী ২০২৫ইং) সকালের নাশ্তা লোহাগাড়ার চুনতিতে অবস্থিত ফোর সিজন হোটেলে করবেন কিনা তা কুপন ক্রয়কালে নিশ্চিত করতে হবে।
- ◆ বনভোজনে অংশগ্রহণের জন্য নিজস্ব পরিবহনে যাবেন অথবা এসোসিয়েশনের ভাড়া করা বাসে যাবেন তা কুপন ক্রয়কালে নিশ্চিত করতে হবে।

■ নিবন্ধনের জন্য যোগাযোগ :

- ◆ জনাব বিকাশ শীল
একাউন্টস অফিসার
সি এন্ড এফ টাওয়ার(১৪তম তলা)
১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
- ◆ জনাব রুবেল দত্ত
জুনিয়র এক্সিকিউটিভ
কাস্টমস্ মেম্বার্স রুম
কাস্টম হাউস, চট্টগ্রাম।

কাজী মাহমুদ ইমাম (বিগু)
সাধারণ সম্পাদক